

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৬২

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/৩১. মৃত্যুকে স্মরণ এবং তার প্রস্তুতি

بَابِ ذِكْرِ الْمَوْتِ وَالِاسْتِعْدَادِ لَهُ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا شَبَابَةُ، عَنِ النَّبِيّ - صلى الله عليه وسلم - قَالَ : " عَطْاءٍ، عَنْ سَعِيد بْنِ يَسَارٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيّ - صلى الله عليه وسلم - قَالَ : " الْمَيِّتُ تَحْضُرُهُ الْمَلَائِكَةُ فَإِذَا كَانَ الرَّجُلُ صَالِحًا قَالُوا : اخْرُجِي أَيَّتُهَا النَّفْسُ الطَّيَبِ اخْرُجِي حَمِيدَةً وَأَبْشِرِي بِرَوْحٍ وَرَيْحَانٍ وَرَبِّ غَيْرِ غَضْبَانَ فَلاَ كَانَتْ فِي الْجَسَدِ الطَّيِّبِ اخْرُجِي حَمِيدَةً وَأَبْشِرِي بِرَوْحٍ وَرَيْحَانٍ وَرَبِّ غَيْرِ غَضْبَانَ فَلاَ يَزَالُ يُقَالُ لَهَا ذَلِكَ حَتَّى تَخْرُجَ ثُمَّ يُعْرَجُ بِهَا إِلَى السَّمَاءِ فَيُفْتَحُ لَهَا فَيُقَالُ : مَنْ هَذَا فَيَقُولُونَ : فُلاَن يُقَالُ : مَرْحَبًا بِالنَّفْسِ الطَّيِّبَةِ، كَانَتْ فِي الْجَسَدِ الطَّيِّبِ الْخُلِي فَيَقُولُونَ : فُلاَن ّ. فَيُقَالُ : مَرْحَبًا بِالنَّفْسِ الطَّيِّبَةِ، كَانَتْ فِي الْجَسَدِ الطَّيِّبِ الْخُلِي حَمِيمَ وَغَشَاقٍ . وَرَيْحَانٍ وَرَبٌ غَيْرِ غَضْبَانَ . فَلاَ يَزَالُ يُقَالُ اللَّهُ عَنَّ وَجَلًّ وَإِذَا كَانَ الرَّجُلُ السُّوّ عُقَالَ اخْرُجِي أَيْتُهَا النَّفْسُ الْخَبِيثَةُ كَانَتْ فِي الْجَسَدِ الْخَبِيثَةُ كَانَتْ فِي الْجَسَدِ الْخَبِيثَةُ كَانَتْ فِي الْجَسَدِ الْخَبِيثَةُ كَانَتْ فِي الْجَسَدِ الْخَبِيثَ الْخَبِيثَةِ كَانَتْ فِي الْجَسَدِ الْخَبِيثَةِ كَانَتْ فِي الْجَسَدِ الْخَبِيثَةِ كَانَتْ فِي الْجَسَدِ الْجَعِي ذَمِيمَةً فَإِنَهَا لاَ تُفْتَحُ لَكِ أَبُوابُ السَّمَاءِ فَيُرْسَلُ بِهَا مِنَ السَّمَاءِ قُيَرُسُلُ بِهَا مِنَ السَّمَاءِ ثُمَّ تَصِيرُ إِلَى الْقَبْرِ " إِلَى الْقَبْرِ "

বাংলা

৫/৪২৬২। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মৃত্যুর সময় মানুষের নিকট ফেরেশতা আগমন করেন। অতএব মুমূর্ষু ব্যক্তি উত্তম লোক হলে তারা বলেন, হে পবিত্র আত্মা! পবিত্র দেহ থেকে প্রশংসিত অবস্থায় বের হয়ে এসো এবং আল্লাহর রহমত ও সুঘ্রাণের সুসংবাদ গ্রহণ করো। তোমার রব তোমার প্রতি অসম্ভুষ্ট নন। রূহ বের হয়ে আসা পর্যন্ত তারা এভাবে আহবান জানাতে থাকে। অতঃপর রূহ বের



হয়ে আসলে তারা তা নিয়ে আসমানে আরোহণ করেন। এ রূহের জন্য আসমানের দরজা খুলে দেয়া হয়।

জিজ্ঞেস করা হয়, সে কে? ফেরেশতাগণ বলেন, অমুক ব্যক্তি। তখন বলা হয়, পবিত্র আত্মাকে স্বাগতম, যা ছিল পবিত্র দেহে। প্রশংসিত অবস্থায় তুমি প্রবেশ করো, আল্লাহর রহমত ও সুঘ্রাণের সুসংবাদ গ্রহণ করো। তোমার রব তোমার প্রতি অসম্ভঙ্ট নন। তাকে অবিরতভাবে এ সংবাদ প্রদান করা হয়, যাবত না তা মহামহিম আল্লাহ যে আসমানে অবস্থান করেন সেখানে পোঁছে যায়। মুমূর্ষু ব্যক্তি পাপাচারী হলে ফেরেশতা বলেন, হে নিকৃষ্ট দেহের নিকৃষ্ট আত্মা! নিন্দিত অবস্থায় বের হয়ে আয় এবং উত্তপ্ত গরম পানি ও রক্ত-পুঁজের দুঃসংবাদ গ্রহণ কর এবং অনুরূপ বহু বিষাক্ত বস্তুর। রূহ বের হয়ে আসা পর্যন্ত তারা এভাবে আহ্বান জানাতে থাকেন। অতঃপর তারা রূহসহ উদ্ধাকাশে আরোহণ করেন। কিন্তু তার জন্য দরজা খোলা হয় না।

জিজেস করা হয়, এ ব্যক্তি কে? বলা হয়, অমুক। তখন বলা হয়, নিকৃষ্ট দেহের নিকৃষ্ট আত্মার জন্য নাই কোন সাদর সম্ভাষণ। তুই নিন্দিত অবস্থায় ফিরে যা। কারণ তোর জন্য আকাশের দ্বারসমূহ খোলা হবে না। অতঃপর একে আসমান থেকে ফিরিয়ে দেয়া হয় এবং তা কবরে ফিরে আসে।

English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said:

"Angels come to the dying person, and if the man was righteous, they say: 'Come out, O good soul that was in a good body, come out praiseworthy and receive glad tidings of mercy and fragrance and a Lord Who is not angry.' And this is repeated until it comes out, then it is taken up to heaven, and it is opened for it, and it is asked: 'Who is this?' They say: 'So-and-so.' It is said: 'Welcome to the good soul that was in a good body. Enter praiseworthy and receive the glad tidings of mercy and fragrance and a Lord Who is not angry.' And this is repeated until it is brought to the heaven above which is Allah. But if the man was evil, they say: 'Come out O evil soul that was in an evil body. Come out blameworthy, and receive the tidings of boiling water and the discharge of dirty wounds,' and other torments of similar kind, all together. And this is repeated until it comes out, then it is taken up to heaven and it is not opened for it. And it is asked: 'Who is this?' It is said: 'So-and-so.' And it is said: 'No welcome to the evil soul that was in an evil body. Go back blameworthy, for the gates of heaven will not be opened to you.' So it is sent back down from heaven, then it goes to the grave."

ফুটনোট

আহমাদ ৮৫৫১, মিশকাত ১৬২৭, তাখরীজু মা দাল্লা আলায়হিল কুরআন ১৪৬ নং পৃষ্ঠা, আত-তালীকুর রাগীব ৪/১৮৭। তাহকীক আলবানীঃ সহীহ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন